দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 06 AUG 2015 পৃষ্ঠা ... 2 ... কলাম ... 1

# সহযোগী অধ্যাপক পদোন্নতি পেলেন ৩৪৬ ডাক্তার

**স্টাফ রিপোর্টার ।** অবশেষে ৩৪৬ জন চিকিৎসককে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি দেয়া হয়েছে। প্রধানমন্ত্রীর নির্দেশে তাদের মধ্যে ২১৪ জনকে ঢাকার বাইরে বিভিন্ন সরকারী মেডিক্যাল কলেজে পদায়ন করা হয়েছে। বুধবার বিকেলে সচিবালয়ে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমের সভাপতিত্বে এক সভায় পদোন্নতি প্রাপ্তদের পদায়নের আদেশ অনুমোদিত হয়। স্বাস্থ্য মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে। পদোন্নতি কার্যকর করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও অভিনন্দন জানিয়েছে বাংলাদেশ মেডিক্যাল এ্যাসোসিয়েশন।

স্বাস্থ্য মন্ত্রণালয় জানায়, পদোন্নতিপ্রাপ্ত চিকিৎসকদের আগামী সাত কর্মদিবসের মধ্যে পদায়নকৃত কর্মস্থলে যোগদান করতে বলা হয়েছে। অন্যথায় ১৩ আগস্ট পূর্বাহ্নে তাঁদের বর্তমান কর্মস্থল থেকে তাৎক্ষণিক অবমুক্ত বলে গণ্য হবেন। নতুন কর্মস্থলে যোগদানের ব্যর্থতায় সংশ্লিষ্ট কর্মকর্তার পদোন্নতি কার্যকর হবে না এবং তাঁদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও পদোন্নতির আদেশপত্রে উল্লেখ করা হয়েছে। পদোন্নতি প্রাপ্ত যে সকল কর্মকর্তা লিয়েন, শিক্ষা ছুটি বা প্রেষণে রয়েছেন তাঁদের ক্ষেত্রে ছুটি বা প্রেষণ শেষে কর্মস্থলে যোগদানের পর এই পদোন্নতি কার্যকর হবে। সভায় স্বাস্থ্য সচিব সৈয়দ মনজুরুল ইসলামসহ মন্ত্রণালয়ের উর্ধতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

**পদোন্নতি কার্যকর করায় বিএমএ'র অভিনন্দন ।** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন মেডিক্যাল কলেজ ও ইনস্টিটিউটের ৩৪৬ জন সহকারী অধ্যাপককে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি প্রদান করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম, প্রতিমন্ত্রী জাহিদ মালেক এমপি, স্বাস্থ্য মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলকে বাংলাদেশ মেডিক্যাল এ্যাসোসিয়েশনের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জ্ঞাপন করে বিবৃতি দিয়েছেন সংগঠনের সভাপতি ডা. মাহমুদ হাসান ও মহাসচিব ডা. এম. ইকবাল আর্সলান।

**মেডিক্যাল শিক্ষার্থীদের আন্দোলন বন্ধ করে ক্লাসে যোগদানের আহ্বান ।** মেডিক্যাল শিক্ষা ব্যবস্থায় নতুন কারিকুলামে 'ক্যারি অন পদ্ধতি' পুনর্বহালের দাবি সরকার সহানুভূতির সঙ্গে বিবেচনা করছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। মেডিক্যাল শিক্ষা ব্যবস্থার প্রাতিষ্ঠানিক অবকাঠামোসহ অন্যান্য সমাধানের উদ্যোগও নেয়া হবে উল্লেখ করে তিনি চলমান আন্দোলন বন্ধ করে শিক্ষার্থীদের ক্লাসে যোগদান করার আহ্বান জানিয়েছেন। সংশ্লিষ্ট সকল পক্ষের সঙ্গে আলোচনা করে শীঘ্রই একটি যৌক্তিক সিদ্ধান্ত নেয়া হবে বলে জানান তিনি।

বুধবার সচিবালয়ে বাংলাদেশ মেডিক্যাল এ্যান্ড ডেন্টাল কাউন্সিলের প্রতিনিধিদলের সঙ্গে এক মতবিনিময় সভায় সভাপতিত্বকালে তিনি এই আহ্বান জানান।